

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৬০

১/ বিবিধ

আরবী

كان إذا صلى مسح بيده اليمنى على رأسه ويقول: بسم الله الذي لا إله غيره الرحمن الرحيم، اللهم أذهب عني الهم والحزن".
ضعيف جدا

رواه الطبراني في "الأوسط" (ص 451 - زوائده نسخة الحرم المكي) والخطيب (12 / 480) عن كثير بن سليم أبي سلمة سمعت أنسا به. قلت: وهذا سند ضعيف جدا من أجل كثير هذا، قال البخاري وأبو حاتم: "منكر الحديث".
وقال النسائي والأزدي: "متروك". وضعفه غيرهم. والحديث أورده السيوطي في "الجامع" عن الخطيب ولم يتعقبه الشارح بشيء. وقد وجدت له طريقا آخر، رواه ابن السني (رقم 110) وأبو نعيم في "الحلية" (2 / 301) عن سلامة عن زيد العمي عن معاوية بن قرة عن أنس. وهذا موضوع، سلامة هو الطويل كذاب

বাংলা

৬৬০। তিনি যখন সালাত আদায় করতেন তখন তার ডান হাত দ্বারা তার মাথা স্পর্শ করে বলতেনঃ
বিসমিল্লাহিল্লাযী লা ইলাহা গায়রুল্ আর-রাহমানির রাহীম, আল্লাহুম্মাযহাব আল্লীল হাম্মা ওয়াল হযনা।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাবরানী "আল-মুজামুল আওসাত" (পৃঃ ৪৫১) এবং আল-খাতীব (১২/৪৮০) কাছীর ইবনু সুলায়েম হতে তিনি আবু সালামাহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ বর্ণনাকারী কাছীরের কারণে এ সনদটি নিতান্তই দুর্বল। ইমাম বুখারী ও আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। নাসাঈ এবং আল-আযদী বলেনঃ তিনি মাতরুক। অন্য বিদ্বানগণ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। হাদীছটি সুযুতী "আল-জামে" গ্রন্থে উল্লেখ করেছেন। অথচ তার ভাষ্যকার তার সমালোচনা করেননি।

আমি এটির আরেকটি সূত্র পেয়েছি, সেটি ইবনুস সুন্নী (নং ১১০) এবং আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (২/৩০১) গ্রন্থে সালামাহ হতে তিনি যায়েদ ইবনুল আশ্মী হতে তিনি মুয়াবিয়াহ হতে ... বর্ণনা করেছেন।

এটি বানোয়াট। কারণ সালামাহ হচ্ছেন আত-তাবীল, তিনি মিথ্যুক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71539>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন